2021 CCEC নির্বাচনী প্রচারণার গাইডলাইন

সিটিওয়াইড অথবা কমিউনিটি এডুকেশন কাউন্সিলের একটি আসনের জন্য নির্বাচন করতে এগিয়ে আসার জন্য অভিনন্দন!

বিশ্বব্যাপী মহামারীর সময় যদিও প্রচারণা চ্যালেঞ্জিং হতে পারে, আমরা আশা করছি এই **"do's and don'ts" (যা করা যাবে ও করা যাবে না)**-এর তালিকাটি বিজয়ী নির্বাচনী প্রচারণার কৌশলসমূহ গড়ে তুলতে আপনার জন্য সহায়ক হবে।

এই বছর, অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট (FACE) এবং ফ্যামিলি লিডারশিপ কোঅর্ডিনেটরগণ (FLCs) ভার্চুয়াল প্রার্থী বা ক্যান্ডিডেট ফোরাম আয়োজন করতে প্রেসিডেন্টস্ কাউন্সিলগুলিকে সহায়তা দেবে, যেটা প্রতিটি আসনে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের সরাসরি ভোটারদের মাঝে নিজেদের পরিচয় প্রদানের সুযোগ দেবে। কাউন্সিল কর্তৃক সংগঠিত, সকল প্রার্থীর নাম এবং বিবৃতি, DOE-র ওয়েবসাইটের একটি নিবেদিত সিটিওয়াইড এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিলের (CCEC) নির্বাচনী বা ইলেকশন পেইজেও প্রকাশ করা হবে। আমরা প্যারেন্ট অ্যাসোসিয়েশন/প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন (PAs/PTAs)-গুলি এবং অন্য শিক্ষা-সংক্রান্ত সংগঠনসমূহকেও উৎসাহিত করি "প্রার্থীদের সাথে পরিচিতির" অনুষ্ঠান আয়োজন করতে, যদি সকল প্রার্থীকে আমন্ত্রণ জানানো হয়।

প্রযুক্তি—ওয়েব-ভিত্তিক প্ল্যাটফর্ম এবং সোশ্যাল মিডিয়া থেকে শুরু করে ইলেক্ট্রনিক যোগাযোগ—এই বছরের প্রচারণায় একটি মূল ভূমিকা পালন করবে। আমরা প্রত্যেককে পেশাগত, মার্যাদাপূর্ণভাবে, এবং সততার সাথে, সকলের জন্য প্রবেশযোগ্যতা সংরক্ষণসহ এই নতুন ভার্চুয়াল পরিবেশ ব্যবহার উৎসাহিত করি। প্রমাণযোগ্য প্রচারণার নিয়ম-নীতি লঙ্ঘন প্রাইভেট অথবা পাবলিকভাবে যাচাই করা, এবং অযোগ্যতার কারণ হতে পারে।

2021 CCEC নির্বাচনী প্রচারণার গাইডলাইন

প্রচারণায় যা করা যাবে

- **করা যাবে** বিতরণের তালিকাসমূহ তৈরি করুন যেন আপনি সহজে ইমেইল, সোশ্যাল মিডিয়া এবং ডাকযোগে সম্ভাব্য বিবিধ ভোটারগ্রুপকে প্রচারণা সামগ্রী পাঠাতে পারেন।
- **করা যাবে** একটি বিশেষ ইমেইল ঠিকানা তৈরি করুন যা সহজে আপনার প্রচারণার যোগাযোগ ব্যবস্থাকে শনাক্ত করে (যেমন, JohnDoe4CECXX@gmail.com)।
- **করা যাবে** আপনার প্রার্থীতা প্রচার করতে ব্যক্তিগত সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট, ব্লগ অথবা ওয়েবসাইট ব্যবহার করুন।
- **করা যাবে** বিভিন্ন আর্টিকেল, অপ-এড, ব্লগ পোস্ট লিখুন, যা আপনার মতামত এবং শিক্ষা সম্পর্কিত বিভিন্ন বিষয়ে আপনার জ্ঞানের প্রকাশ প্রদর্শন করে।
- **করা যাবে** বন্ধু-বান্ধব এবং পরিবারকে আপনার প্রচারণা বৃদ্ধিতে আপনাকে সহায়তাদানে স্বেচ্ছাকর্ম করা সুযোগ দিন।
- **করা যাবে** ভার্চ্যুয়াল মিটিং এবং অনুষ্ঠানের আয়োজন এবং তাতে অংশগ্রহণ করুন যা আপনাকে আপনার চিন্তা-ভাবনা প্রকাশের এবং সম্ভাব্য ভোটারদেরকে আপনাকে প্রশ্ন জিজ্ঞেস করার সুযোগ দেয়।
- **করা যাবে** আপনার নেইবারহুডে, কমিউনিটি মিটিংয়ে, স্কুলের কাছে (DOE-এর স্থানে নয়), বিভিন্ন পার্কে অথবা অন্য কোনো পাবলিক লোকেশনে যেখানে আপনি সম্ভাব্য ভোটার পেতে পারেন সেসব স্থানে ফ্লায়ার এবং অন্য প্রচারণা সামগ্রী বিলি করুন।
- **করা যাবে** DOE-এর নয় এমন পাবলিক অথবা প্রাইভেট ফোরামে যেমন কমিউনিটি বোর্ড মিটিং, কমিউনিটি প্রিসিংক্ট মিটিং, এবং অন্য অনুষ্ঠানে আপনার প্রার্থীতা প্রচার করুন।
- **করা যাবে** DOE-এর অনুমোদিত প্রচারণা অনুষ্ঠানে যেমন প্রার্থী ফোরামসমূহ প্রচারণা সামগ্রী আনুন এবং প্রদর্শন করুন।
- **করা যাবে** আপনার প্রচারণায় আপনি যে অর্থ ব্যয় করেন তার রেকর্ড (যেমন, রিসিট অথবা ইনভয়েস) রাখুন।

2021 CCEC নির্বাচনী প্রচারণার গাইডলাইন

প্রচারণায় যা করা যাবে না

এইসব পথনির্দেশনা সাধারণত চ্যান্সেলরের প্রবিধান D-130-এ যেসব ব্যবস্থা নেয়া হয়েছে সেগুলি প্রতিফলিত করে, যা পদ প্রার্থী কর্তৃক DOE-এর বিল্ডিং এবং অন্য রিসোর্সসমূহের ব্যবহার পরিচালনা করে। এই পথনির্দেশনা যে পরিসরে প্রসারিত হয় অথবা CR D-130-এর বিধানগুলির পরিবর্তন করে, তাতে প্যানেল ফর এডুকেশনাল পলিসি দ্বারা প্রবিধানে সেগুলোর সংশোধন অনুমোদিত হতে হবে।

- **করা যাবে না** যোগাযোগের তথ্য অথবা তালিকা বিতরণের ব্যবহার যা আপনি কোন DOE কর্মীর অথবা DOE-র ভিতরে বর্তমান অথবা প্রাক্তন প্যারেন্ট লিডারশিপ ভূমিকার কারো মাধ্যমে পেয়েছেন।
- **করা যাবে না** প্রার্থী হিসেবে আপনাকে শনাক্তকারী কোনো ব্যাকগ্রাউন্ড অথবা অন্য সামগ্রী প্রদর্শন, অথবা DOE-সমর্থিত ভার্চ্যুয়াল স্পেসে প্রচারণা (যেমন PA/PTA, প্রেসিডেন্টস্ কাউন্সিল, SLT, টাইটেল ওয়ান PAC, DPAC, CPAC এবং CCEC মিটিং) এর ব্যতিক্রম DOE-সমর্থিত প্রার্থী ফোরাম, এতে অন্তর্ভুক্ত প্যারেন্ট সংগঠনের মিটিং যেখানে সকল প্রার্থীকে আমন্ত্রণ জানানো হয়েছে।
- **করা যাবে না** প্রচারণা উপকরণ তৈরি বা বিলি করতে স্কুল বা DOE-এর যন্ত্রপাতি বা উপকরণ ব্যবহার করা।
- **করা যাবে না** কোন স্কুল অথবা DOE বিল্ডিংয়ে প্রচারণা সামগ্রী পোস্ট অথবা বিতরণ করা, এর অন্তর্ভুক্ত PA/PTA অথবা অন্য কারো কাছে ডাকযোগে বিভিন্ন সামগ্রী পাঠানো।
- **করা যাবে না** পিতামাতা সংগঠনগুলোর অফিশিয়াল DOE ইমেইল ঠিকানায় প্রচারণা সামগ্রী পাঠানো।
- **করা যাবে না** যেকোনো DOE-সমর্থিত পিতামাতা সংগঠনের সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট অথবা ওয়েবসাইটে কোনো প্রচারণা সামগ্রী পোস্ট অথবা কাউকে পোস্ট করতে অনুরোধ করা (যেমন, PA/PTA, প্রেসিডেন্টস্ কাউন্সিল, SLT, টাইটেল ওয়ান PAC, DPAC, CPAC এবং CCECs)।
- **করা যাবে না** DOE-এর কোনো কর্মী অথবা CCEC-এর কোনো অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিসট্যান্টকে আপনার পক্ষ হয়ে প্রচারণা সামগ্রী বিতরণ করতে বলা।
- **করা যাবে না** অন্য প্রার্থীদের সাথে সংগঠিত হয় দলবদ্ধভাবে এবং মিত্রতা গড়ে তুলে প্রতিদ্বন্দ্বিতা করা, এর মধ্যে আছে যৌথ অনুষ্ঠানের আয়োজন, যৌথভাবে ফ্লায়ার তৈরি, একজন আরেকজনকে অনুমোদন দান, অথবা শ্লোগান, ট্যাগলাইন, লোগো অথবা প্রতীক শেয়ার করা।
- **করা যাবে না** প্রচারণার রিসোর্স শেয়ার করা, অথবা অন্য প্রার্থীদেরকে অর্থ অথবা পরিষেবা দান করা।
- **করা যাবে না** আপনার প্রচারণায় $500 ডলারের অধিক ব্যয় করা।
- **করা যাবে না** কোনো ব্যক্তি অথবা সংগঠন থেকে প্রচারণার অনুদান অথবা অন্য কোন উপহার চাওয়া অথবা গ্রহণ করা - এর অন্তর্ভুক্ত বিভিন্ন পরিষেবা যেমন ফোন ব্যাংকিং অথবা অ্যাডভারটাইজিং।
- **করা যাবে না** নির্বাচিত অফিশিয়ালদের কাছ থেকে অনুমোদন চাওয়া অথবা গ্রহণ করা, এতে রয়েছে বর্তমান কমিউনিটি অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল সদস্যগণ; রাজনৈতিক, ধর্মীয়, অথবা কমিউনিটি-ভিত্তিক সংগঠন; ইউনিয়ন অথবা বিশেষ-আগ্রহের গ্রুপ।